


বেড নালা (Raised Bed-RB) পদ্ধতি:

রেইজড বেড একটি পানি সাশ্রয়ী প্রযুক্তি। এই পদ্ধতিতে বেড ফরমার মেশিন দিয়ে একই সাথে চাষ এবং বেড তৈরি করা হয়। রেইজড বেডে পাশাপাশি দুই সারিতে বীজ বপন বা চারা রোপন করা হয়। এতে সময় ও শ্রম দুটোই বাচে। এ পদ্ধতিতে ফসল ভেদে ১৫-৪০ ভাগ পর্যন্ত ফলন বাড়ে, ২০ ভাগ ইউরিয়া সার এবং ৪০ ভাগ সেচের পানি সাশ্রয় হয়। এছাড়াও এই প্রযুক্তির ব্যবহার মাটির উপকারী অনুজীব সমূহকে রক্ষা করে, মাটি ক্ষয়রোধ করে মাটির গুণগতমান রক্ষার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।



চিত্র: বেড নালা তৈরির পরিমাপ

সিস্টেম অব রাইচ ইনটেনসিফিকেশন (System of Rice Intensification-SRI):

সিস্টেম অব রাইচ ইনটেনসিফিকেশন একটি নতুন ধান চাষ প্রযুক্তি যার মাধ্যমে কম পরিমাণ উপকরণ বিশেষ করে বীজ ব্যবহার করে বর্তমানে প্রচলিত ধান উৎপাদন ব্যবস্থার চেয়ে অধিক ফলন পাওয়া যায়। এই পদ্ধতির মূল বৈশিষ্ট্য হলো কম বয়সের ধানের চারাকে আঘাত না দিয়ে শিকড়সহ যান্ত্রিক পদ্ধতিতে রোপন করা। এ ব্যবস্থায় মাটি, পানি এবং চারার খাদ্য উপাদান সমূহের সঠিক ব্যবস্থাপনা ও সমন্বয়ের মাধ্যমে বিভিন্ন জাতের ধানের সর্বোচ্চ ফলন পাওয়া যায়। এজন্য এই পদ্ধতিকে সমন্বিত ধান চাষ পদ্ধতিও বলা হয়।

তথ্যসূত্র: পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প, আরডিএ, বগুড়া।



সহযোগিতায় : মোঃ হারুন-অর-রশীদ

টেকনিক্যাল পার্টিসিপেন্ট, কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর

সংকলনে : কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন

আঞ্চলিক বেতার কৃষি অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর

